হোয়াটসঅ্যাপের নতুন কাস্টম চ্যাট লিস্ট ফিচার : সহজভাবে যোগাযোগের অভিজ্ঞতা

written by Chandradip News24 | November 14, 2024

বিশ্বের সবচেয়ে জনপ্রিয় মেসেজিং প্ল্যাটফর্ম হোয়াটসঅ্যাপ নতুন এক ফিচার, কাস্টম চ্যাট লিস্ট চালু করেছে। এটি গ্রাহকদের যেকোনো গ্রুপ চ্যাটে বাড়তি সুবিধা প্রদান করবে। এখন থেকে, হোয়াটসঅ্যাপে চ্যাটগুলিকে গুরুত্ব অনুযায়ী বাছাই করে রাখতে পারবেন। পছন্দমতো কোনো গ্রুপ বা কথোপকথন সহজেই চোখের সামনেই রাখা যাবে।

এটা একটি বিশাল সুবিধা, কারণ আগে অনেক চ্যাট একসাথে চলে আসার কারণে গুরুত্বপূর্ণ কথোপকথন খুঁজে বের করা কঠিন হয়ে পড়তো। কিন্তু এই নতুন ফিচারের মাধ্যমে হোয়াটসঅ্যাপ গ্রাহকদের পছন্দের গ্রুপ বা চ্যাটগুলো আলাদা করে রাখতে সাহায্য করবে। আপনি যেমন ‘পরিবার’, ‘কর্মক্ষেত্র’, ‘বন্ধুবান্ধব’—এই ধরনের ক্যাটাগরিতে আপনার চ্যাটগুলো ভাগ করে রাখতে পারবেন। ফলে অনেক চ্যাটের মধ্যে থেকে খোঁজাখুঁজি করার প্রয়োজন হবে না।

কাস্টম চ্যাট লিস্ট ফিচারের সুবিধা

এই নতুন ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা তাদের কনট্যাক্ট লিস্টে থাকা ব্যক্তিদের নতুন তালিকা তৈরি করে তা এডিটও করতে পারবেন। চাইলে , পছন্দের একাধিক গ্রুপও এই তালিকায় যুক্ত করা যাবে এবং সেগুলোকে পিন করে টপে রাখা যাবে। বিশেষ করে জরুরি অফিসের গ্রুপ কিংবা ব্যক্তিগত গুরুত্বপূর্ণ কথোপকথন সেগুলোর মধ্যে সহজেই পাওয়া যাবে।

কাস্টম লিস্ট তৈরি করার পদ্ধতি

১. প্রথমে হোয়াটসঅ্যাপ আপডেট করুন।

২. হোয়াটসঅ্যাপের উপরে ডান দিকে একটি যোগ চিহ্ন দেখাবে। সেটিতে ক্লিক করুন এবং ‘অর্গানাইজ ইউর চ্যাট’ অপশনে ক্লিক করুন।

৩. এবার ক্যাটাগরি দেখে পছন্দের প্রোফাইল তালিকাভুক্ত করুন।

৪. যদি কোনো চ্যাট আলাদা করে চোখের সামনে রাখতে চান, তাহলে ‘অ্যাড পিপল অর গ্রুপ’ অপশনে গিয়ে নির্দিষ্ট কোনো প্রোফাইল বা চ্যাট বাছাই করে সেগুলো একেবারে উপরের সারিতে রেখে দিতে পারবেন।

এই নতুন ফিচারটি ব্যবহারকারীকে আরও সহজ এবং স্বাচ্ছন্দ্যে যোগাযোগের অভিজ্ঞতা দেবে। এখন থেকে হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীরা আরো বেশি সুশৃঙ্খলভাবে তাদের প্রোফাইল ও গ্রুপ চ্যাট পরিচালনা করতে পারবেন।

মো : আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম